ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২১৫ ● কলকাতা ● ২২ শ্রাবণ, ১৪৩১ ● বুধবার ● ০৭ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা




মা-বাবার বিচ্ছেদ, নারীবাদ নিয়ে ক্ষোভ জানালেন নোরা ফাতেহি

পৃঃ ৫



গৌতম ভাই 'গম্ভীর' নয় : রোহিত

পৃঃ ৬

## চ্যাংড়াবান্ধা সীমান্তে

## আটক হয়েছেন তিন বাংলাদেশি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাছি যাতে গলতে না পারে' সোমবার থেকেই আরও কড়া হয়েছে সীমান্তের নিরাপত্তা। কড়া প্রহরায় রয়েছে বিএসএফ। এরই মধ্যে চ্যাংড়াবান্ধা সীমান্তে আটক হয়েছেন তিন বাংলাদেশি। বিএসএফ-চেকিংয়ের সময় বাংলাদেশি ওই তিনজনের কাছে মেলে ভারতীয় আধার কার্ড। অভিযুক্ত ব্যক্তির নাম এনামুল হক সোহেল।অভিযুক্ত ব্যক্তি এনামুল বলেন, "আমি আধার কার্ড বানিয়েছিলাম ট্রিটমেন্টের বিল কম দেওয়ার জন্য। সেটা আমার কাছে পাওয়া গিয়েছে আজ। ২০20 সালে বানিয়েছিলাম। ২০ হাজার টাকার বিনিময়ে বানিয়েছিলাম।" প্রসঙ্গত, চ্যাংড়াবান্ধা সীমান্তে এ দিন নয়ন বর্মণ নামে এক বাংলাদেশি নাগরিক অভিযোগ করেন, বর্ডারে প্রবেশের সময় তাঁর কাছ থেকে সমস্ত কিছু ছিনতাই করে পালিয়েছে দুষ্কৃতীরা। নয়নবাবু টিভি৯ বাংলায় জানান সেই ভয়াবহ অভিজ্ঞতার কথা। বলেন, "আমরা প্রাইভেট গাড়িতে করে আসছিলাম। বাওড়া নামে একটি জায়গায় কয়েকজন দুষ্কৃতী এসে গাড়ি দাঁড় করায়। এরপর ওরা জিজ্ঞাসা করল কোথায় যাব। বললাম, বর্ডার যাব। তারপর বলল, কেন যাবেন? নিশ্চয়ই আপনি আওয়ামী লিগের নেতা। দেশ ছেড়ে পালাচ্ছেন। তারপর গাড়ি থেকে নামিয়ে আমার কাছে যা ছিল সব নিয়ে গেল।"এনামুল ও তাঁর এবং এক সন্তানকে আটক করা হয়েছে।

বিএসএফ সূত্রে খবর, এনামুল হক বাংলাদেশের রঙপুরের বাসিন্দা। জিজ্ঞাসাবাদ চলাকালীন তিনি বিএসএফকে জানিয়েছেন, সাত দিনের ভিসা নিয়ে দিল্লি যাচ্ছিলেন তাঁরা। সন্দেহ হয় বিএসএফ আধিকারিকদের। তারপরই উদ্ধার হয় ভারতীয় আধার কার্ড। অভিযুক্তদের বাংলাদেশে ফেরত পাঠানো হবে বলে জানা গিয়েছে।

## উত্তপ্ত বাংলাদেশ পরিস্থিতি নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

## জরুরী ভিত্তিতে সর্বদলীয় বৈঠক করলেন



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** উত্তপ্ত বাংলাদেশ। ইতিমধ্যেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইস্তফা দিয়ে দেশ ছেড়েছেন। বাংলাদেশের এই পরিস্থিতির উপর কড়া নজর রেখেছে ভারত। তাই মঙ্গলবার বাংলাদেশ পরিস্থিতি নিয়ে সংসদ ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জরুরী ভিত্তিতে সর্বদল বৈঠক করেছেন।

এই সর্ব দলীয় বৈঠকে বাংলাদেশে এই মুহূর্তের পরিস্থিতি নিয়ে ব্যাখ্যা করেন বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর। এর পাশাপাশি এই বিষয় সংসদে ও বক্তব্য রাখতে পারেন তিনি। সর্বদল বৈঠকের পর কেন্দ্রের তরফ থেকে জানানো হয়েছে কর্মসূত্রে বা অন্য কোন কারণে অনেক ভারতীয় বাংলাদেশে রয়েছেন। বাংলাদেশে ভারতীয় দূতাবাসের কর্মীরা নিরাপদেই রয়েছেন বলে জানা গেছে। তাই এখনই তাদের ফিরিয়ে আনার মতো পরিস্থিতি তৈরি হয়নি। বাংলাদেশ পরিস্থিতি নিয়ে সোমবার রাতে বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সহ একাধিক ক্যাবিনেট মন্ত্রী এবং সচিবের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই বৈঠকে নিরাপত্তা সহ সমস্ত বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

এই সর্বদলীয় বৈঠকে কংগ্রেসের পক্ষ থেকে রাহুল গান্ধী, এবং মল্লিকার্জুন খারগে উপস্থিত ছিলেন। এবং তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সুদীপ বন্দ্যোপাধ্যায় ছিলেন।

বিদেশমন্ত্রী জয়শঙ্কর জানিয়েছেন, গাজিয়াবাদের হিন্ডনে গোপন ডেরায় রয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। নিরাপত্তার কারণে তার গতিবিধি গোপন রাখা হয়েছে। তবে পরবর্তী পদক্ষে স্থির করার জন্য শেখ হাসিনাকে সময় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ভারত সরকার।

মুজিব কন্যা দেশ ছাড়ার পর বাংলাদেশ জুড়ে অশান্তি ছড়িয়ে পড়েছে। জামাত জঙ্গিরা জেলে হামলা চালিয়ে ৫০০ জনের বেশি জঙ্গিকে মুক্ত করে নিয়ে গেছে বলে খবর পাওয়া গেছে। হিন্দুদের বিভিন্ন মন্দির ভাঙচুর করে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। জানা গেছে একাধিক জায়গায় হিন্দুদের ওপর হামলা বাড়ছে।

জানা গেছে, হাসিনা ব্রিটেনের কাছে রাজনৈতিক আশ্রয় চেয়েছিলেন কিন্তু সোমবার বিটেন সরকার তার এই আবেদন খারিজ করে দেয়। এদিকে হাসিনার বোন রেহানা ব্রিটেনের নাগরিক। অপরদিকে ভারতের গোপন ডেরায় বাংলাদেশের প্রধানমন্ত্রী

এরপর ৩ পাতায়

## অখিল গিরির সেই পদত্যাগ পত্র গ্রহণ করলেন

## রাজ্যপাল সি ভি আনন্দ বোস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহিলা রেঞ্জারকে হুমকি কাণ্ডে ইতিমধ্যেই জলঘোলা হতে শুরু করেছিল রাজ্যের রাজনৈতিক মহলে। কারামন্ত্রী তথা তৃণমূল বিধায়ক অখিল গিরির নিঃশর্ত ক্ষমা দাবি করে সরব হয়েছিল বিজেপি। দলের তরফ থেকেও এসেছিল ক্ষমা চাওয়া ও পদত্যাগের প্রয়োজনীয় নির্দেশ। অবশেষে, অখিল গিরির সেই পদত্যাগ পত্র গ্রহণ করলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।বন দফতরের মহিলা রেঞ্জারকে হুমকি ইস্যুতে ইতিমধ্যেই তৃণমূলকে তীব্র ভাষায় নিশানা করেছে বিজেপি। শুধুমাত্র মহিলা রেঞ্জারের কাছে নিঃশর্ত ক্ষমা বা পদত্যাগ করাই নয়, অবিলম্বে অখিল গিরির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে বলে সুর চড়িয়েছেন রাজ্যসভার সাংসদ তথা রাজ্য বিজেপির প্রধান মুখপাত্র শমীক ভট্টাচার্য।

অখিল গিরিকে গত রবিবার তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি ফোন করে ওই মহিলা রেঞ্জারের কাছে নিঃস্বার্থ ক্ষমা এবং পদত্যাগ পত্র দিতে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছিলেন। কিন্তু অখিল গিরি ক্ষমা চাওয়ার বিষয়ে মোটেই রাজি হননি। তিনি যে অনুতপ্ত নন, সে কথা জানিয়ে শুধুমাত্র পদত্যাগ করার ঘোষণা করেছিলেন অখিল। দুর্যোগ বিধ্বস্ত কেরল থেকে ফিরেই রাজ্যের মন্ত্রিসভা রদবদলের ফাইলে সই করলেন রাজ্যপাল। সেখানেই অখিল গিরির পদত্যাগ পত্র গৃহীত হয়েছে বলে জানা গিয়েছে।

পাশাপাশি, একজন মহিলা অফিসারের বিরুদ্ধে এই ধরনের মন্তব্য করার জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এ বিষয়ে তদন্ত করার পরামর্শও দিয়েছেন তিনি। সূত্রের খবর, রাজ্যপাল জানিয়েছেন, যাতে সাধারণ মানুষের প্রশাসনের উপর আস্থা থাকে, সেই কথা মনে করে মুখ্যমন্ত্রী তাঁর নিজের ক্ষমতা প্রয়োগ করে অখিল গিরির বিরুদ্ধে তদন্ত করুক। মুখ্যমন্ত্রীকে তেমনটাই জানিয়েছেন রাজ্যপাল।


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রসাদ

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।



মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

## আলু চাষিদের ওপর পুলিশি হয়রানি বন্ধ,
# ভিন রাজ্যে ফসল রপ্তানির নিষেধাজ্ঞা বাতিল সহ ১০ দফা দাবিতে বিক্ষোভ



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : মঙ্গলবার জলপাইগুড়ি আলু চাষি সংগঠণের পক্ষ থেকে উল্লেখিত দাবী আদায়ের লক্ষে এক বিক্ষোভ মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জেলা শাসকের কাছে পৌঁছলে পুলিশ ব্যারিকেড করে আটকে দেয়।

পুলিশি বাধার মুখে পড়ে আলু চাষিরা বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে।এদিনের বিক্ষোভ সহ স্বারকলিপি প্রদান কর্মসূচি মূলত সম্প্রতি কয়েকটি সরকারী নির্দেশের বিরূদ্ধে, যার মধ্যে ভিন রাজ্যে আলু রপ্তানির ক্ষেত্রে রাজ্যে সরকারের জারী নিষেধাজ্ঞা অন্যতম।এছাড়াও এদিনের বিক্ষোভ মিছিল থেকে আলু চাষিদের ওপর পুলিশের হয়রানির বিরূদ্ধে স্লোগান দিতে শোনা যায় আলু চাষিদের। এই প্রসঙ্গে জলপাইগুড়ি জেলার আলু চাষি সংগঠণের পক্ষে প্রদীপ দত্ত ক্ষোভের সঙ্গে জানান, আলু চাষিদের ওপর অত্যাচার চালিয়ে যাচ্ছে রাজ্যে সরকারের পুলিশ, আমরা চাই ন্যায্য মূল্যে রাজ্যে সরকার সব আলু কিনে নিক, এক জায়গা থেকে অন্য রাজ্যে আলু রপ্তানি করার ওপর যে নিষেধাজ্ঞা রাজ্যে সরকার জারী করেছে সেটি অবিলম্বে প্রত্যাহার করে নিতে হবে।

## হুগলি আরামবাগে বন্যা কবলিত মানুষদের পাশে
# দাঁড়ালেন রাজ্যের মন্ত্রিসহ হুগলি জেলাশাসক



**হুগলি: নিউজ সারাদিন** : মঙ্গলবার বন্যা দুর্গত মানুষদের পাশে দাঁড়াতে আরামবাগের হরাদিত্য এলাকায় এলেন রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না। হুগলি জেলার জেলা শাসক মুক্তা আর্য সহ একাধিক প্রশাসনিক আধিকারিকরা। উল্লেখ্য, নিম্নচাপের কারণে লাগাতার বৃষ্টি ও ডিভিসি দফায় দফায় জল ছাড়ায় আরামবাগের সমস্ত নদী গুলির জলস্তর ক্রমে বৃদ্ধি পাচ্ছে। নদীর জল উপচে জলমগ্ন হয়ে পড়ে আরামবাগ মহকুমা সহ আরামবাগ ব্লকের বেশ কিছু এলাকা।জানা যায়,সোমবার গভীর রাতে ফুলেফেঁপে উঠে মুণ্ডেশ্বরী নদীর জল। জল ঢুকতে শুরু করে আরামবাগের হরিণখোলা পঞ্চায়েতে এলাকায়। বন্যা দুর্গত মানুষদের গতকাল গভীর রাতেই হরাদিত্য এলাকার ত্রাণ শিবিরে নিয়ে আসা হয় পঞ্চায়েত প্রশাসনের পক্ষ থেকে। মঙ্গলবার সেই ত্রাণ শিবিরে আশ্রয় নেওয়া মানুষের পাশে দাঁড়াতে, তাদের সাথে দেখা করতে আসেন মন্ত্রী। সাথে উপস্থিত হন হুগলীর জেলার জেলা শাসক মুক্তা আর্য , আরামবাগ মহকুমা শাসক শুভাশিনী, আরামবাগের সাংসদ মিতালী বাগ, তারকেশ্বরের বিধায়ক রামেন্দু সিংহ রায় সহ একাধিক প্রশাসনিক আধিকারিকরা। সকলের হাতে ত্রাণ তুলে দিলেন জেলাশাসক।

## নয়াগ্রাম থানার পুলিশ প্রশাসনের উদ্যোগে
# শংসাপত্র পেলেন প্রতিবন্ধী ব্যক্তিরা



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম** : নয়াগ্রাম থানার পুলিশ প্রশাসনের উদ্যোগে শংসাপত্র পেলেন প্রতিবন্ধী ব্যক্তিরা। নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের চিকিৎসকদের প্রদান করা সার্টিফিকেট সহায় ক্যাম্প এর মাধ্যমে তুলে দিলেন নয়াগ্রাম থানার পুলিশ আধিকারিকরা। মঙ্গলবার নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষাল নিজে উপস্থিত হয়ে শংসাপত্র তুলে দেন। উল্লেখ্য,নয়াগ্রাম থানা এলাকায় বেশ কয়েকজন প্রতিবন্ধী ব্যক্তি শংসাপত্র না থাকার কারণে রাজ্য সরকারের মানবিক পেনশন থেকে বঞ্চিত হচ্ছিলেন। তাই প্রতিবন্ধী চিহ্নিত করতে শিবির করে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতাল। হাসপাতালের দেওয়া সেই প্রতিবন্ধী সার্টিফিকেট তুলে দিলেন পুলিশ আধিকারিকরা। এদিন প্রতিবন্ধী সার্টিফিকেট বিতরণ এর পাশাপাশি প্রতিবন্ধী হিসাবে নতুন চিহ্নিতকরণ ব্যক্তিদের মানবিক পেনশন প্রকল্পের ফর্ম তুলে দেওয়া হয়।

## বাংলাদেশের পরিস্থিতির জেরে
# সীমান্তে বাড়ানো হয়েছে নিরাপত্তা




**শিলিগুড়ি: নিউজ সারাদিন** : বাংলাদেশের পরিস্থিতির জেরে সীমান্তে বাড়ানো হয়েছে নিরাপত্তা।কড়া নিরাপত্তায় ফুলবাড়ির ভারত বাংলাদেশ সীমান্ত দিয়ে যাতায়াত করছেন দুই দেশের নাগরিকরা। মঙ্গলবার সকালে একটা অন্য রূপ দেখা গেল শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ির ইন্দো বাংলাদেশ সীমান্তে। প্রতিদিন ওই সীমান্তে যেভাবে দুপার বাংলার মধ্যে সাধারণ মানুষ থেকে পন্য সামগ্রীর ট্রাকের যাতায়াত লেগে থাকতো, এদিন তা ছিল অনেকটাই ফিঁকে। সীমান্তে এখন একটা থমথমে পরিবেশ। বন্ধ বেশিরভাগ দোকানপাট। তবে আতঙ্কের মধ্যেই ভারত ছেড়ে পরিবারের টানে বাংলাদেশে ফিরছেন অনেকে। ওপারের পরিস্থিতিটা যে কী ঠিক তা না জেনে আতঙ্ক মাথায় নিয়েই তারা এদিন রওনা দেন তারা।



শম্পা জানা বেহালায় বাড়ি তার মায়ের স্বপ্ন দেখিয়েছিল ১৯৭৫ সালে মা মঙ্গলচন্ডী। সেই থেকে আজও পূজিত হয় মা মঙ্গলচন্ডীর এই পরিবারে।









# প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র নিজেই এখন রোগী



**অভিজিৎ হাজরা, হাওড়া : নিউজ সারাদিন** : বিষাক্ত পার্থেনিয়াম গাছ, চারিদিকে আগাছা আর জঙ্গলে ছেয়ে গেছে স্বাস্থ্য কেন্দ্র। চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে পড়ে আছে মদের খালি ও ভাঙা বোতল, পলিথিনের প্যাকেট, পানীয় জলের খালি প্লাস্টিকের বোতল, খাবারের খালি বাক্স। প্রায় প্রত্যহ ই বিষাক্ত সাপ ও বিছের দেখা মিলছে স্বাস্থ্য কেন্দ্রে। বিষাক্ত সাপ,বিছে ও বিষাক্ত কীটপতঙ্গের কামড়ের আতঙ্কে আছেন এই স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা করতে আসা রোগী , রোগীর আত্মীয় স্বজন থেকে চিকিৎসক ও স্বাস্থ্য কেন্দ্রে কর্মীরা। স্বাস্থ্য কেন্দ্র নিজেই এখন রোগী। এমনই চিত্র দেখা গেল গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমা তথা উলুবেড়িয়া ২ নং ব্লকের তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র এ ।আগের চিত্রটা শুধুই নয়,এর পাশাপাশি পর্যাপ্ত চিকিৎসক ও পর্যাপ্ত স্বাস্থ্য কর্মীর অভাবে ভেঙে পড়েছে সমগ্র চিকিৎসা পরিষেবাই। জানা যায় ,তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে শুধুমাত্র তুলসীবেড়িয়া গ্রামের মানুষ ই নয় ,পাশ্ববর্তী ১০ থেকে ১২ টি গ্রামের মানুষ চিকিৎসা পরিষেবার উপর নির্ভরশীল। কারণ এই এলাকায় আর কোনো স্বাস্থ্য কেন্দ্র নেই। তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে প্রত্যহ সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত রোগীদের ভিড় লেগে থাকত। চিকিৎসকরা ও স্বাস্থ্য কর্মীরা প্রত্যহ আসতেন, থাকতেন।যা এখন অতীত। বতর্মানে এই সুস্বাস্থ্য কেন্দ্রে পর্যাপ্ত চিকিৎসক ও পর্যাপ্ত স্বাস্থ্য কর্মী নেই।হাতে গোনা কয়েকজন স্বাস্থ্য কর্মী থাকলেও চিকিৎসক মাত্র একজন। তিনি আবার প্রত্যহ আসেন না। স্বাস্থ্য কর্মীরাই স্বাস্থ্য কেন্দ্রে আসা রোগীদের চিকিৎসা করে। গ্রামবাসীরা অভিযোগের সুরে বলেন, "রাজ্যের বাম শাসন ক্ষমতা চলে যাওয়ার প্রায় ২ বছর আগে পর্যন্ত এই তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা পরিষেবা রমরমিয়ে চলত। পর্যাপ্ত চিকিৎসক, পর্যাপ্ত স্বাস্থ্য কর্মী ছিল। ঔষধ ও পাওয়া যেত। নানান জটিল রোগের ও চিকিৎসা পাওয়া যেত। গত ১৪ থেকে ১৫ বছরে আস্তে আস্তে এটি বেহাল হয়ে পড়েছে। স্বাস্থ্য কেন্দ্রের চারিদিকে বিষাক্ত পার্থেনিয়াম গাছ, আগাছা আর জঙ্গলে ছেয়ে গেছে। বিষাক্ত সাপ বিছে ও বিষাক্ত কীটপতঙ্গের বাসস্থান হয়ে গেছে। স্বাস্থ্য কেন্দ্রে বিষাক্ত সাপ ও বিছের দেখা মিলছে প্রায় প্রত্যহ।এর পাশাপাশি রাত গভীর হওয়ার সাথে সাথেই স্বাস্থ্য কেন্দ্রে শুরু হয়ে যায় নানান অসামাজিক কাজ।বসে মদ ও জুয়ার আসর।চলে নারী নিয়ে অবৈধ কারবার ও" । স্থানীয় বাসিন্দা গোলাম মোস্তফা,তপন সাহা ( দু ' জনের নাম ই পরিবর্তীত) বলেন,"তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র এখন নিজেই রোগী। স্বাস্থ্য কেন্দ্রের ই চিকিৎসা করার প্রয়োজন হয়ে পড়েছে। স্বাস্থ্য কেন্দ্রের বেহাল দশা। একজন চিকিৎসক আছেন। তিনি আবার প্রত্যহ আসেন না। তাঁর ইচ্ছামত সময়ে,ইচ্ছামত দিনে আসেন। কয়েক ঘণ্টা থেকেই চলে যান সব রোগী না দেখেই।মাত্র একজন মহিলা স্বাস্থ্য কর্মী আছেন।ঔষধ এখানে ঠিকমতো পাওয়া যায় না।যে কারণে দূরবর্তী চন্ডিপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা উলুবেড়িয়া শরৎচন্দ্র মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উপর তুলসীবেড়িয়া ছাড়াও পাশ্ববর্তী ১০ থেকে ১২ টি গ্রামের বাসিন্দাদের ভরসা করতে হয়।তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে ১০ থেকে ১২ টি বেড থাকলেও বর্তমানে তা তালাবন্দী অবস্থায় পড়ে আছে। স্থানীয় বাসিন্দা রামচন্দ্র কোলে বলেন, "১৪ থেকে ১৫ বছর আগে এই স্বাস্থ্য কেন্দ্রে প্রত্যহ পর্যাপ্ত চিকিৎসক, পর্যাপ্ত স্বাস্থ্য কর্মী থাকতো।তারা প্রত্যহ ডিউটি করতেন। তুলসীবেড়িয়া গ্রাম ছাড়া পাশ্ববর্তী ১০ থেকে ১২ টি গ্রামের মানুষ চিকিৎসা পরিষেবার জন্য আসতেন। এখন সে সব ই অতীত কথা। বতর্মানে কিছুই হয় না বললেই চলে। চিকিৎসক প্রত্যহ না আসায় কম্পাউন্ডার

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# উত্তপ্ত বাংলাদেশ পরিস্থিতি নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জরুরী ভিত্তিতে সর্বদলীয় বৈঠক করলেন

আশ্রয় নিলেও তিনি রাজনৈতিক আশ্রয় চান না। ফলে বাংলাদেশের প্রধানমন্ত্রীর আশ্রয়স্থল নিয়েও জটিলতা থেকেই গেল। প্রসঙ্গত উল্লেখ্য এই বৈঠকের মধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূত হিসাবেই বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করতে যান জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল।

# বাংলাদেশে অবস্থানরত ভারতীয়দের দিকে নজর রাখছি: জয়শঙ্কর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলাদেশে অবস্থান করা ভারতীয়রা কী অবস্থায় আছে সে দিকে নজর রা হচ্ছে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি জানান, বাংলাদেশ সেনাবাহিনীর সঙ্গেও যোগাযোগ রক্ষা করা হচ্ছে।

মঙ্গলবার (৬ আগস্ট) দিল্লিতে সর্বদলীয় বৈঠকে এমনটাই জানালেন জয়শঙ্কর। তিনি জানিয়েছেন, বাংলাদেশ থেকে এখনই ভারতীয় নাগরিকদের সরিয়ে নেয়া হচ্ছে না। পরিস্থিতির দিকে নজর রাখছে মোদি সরকার। প্রয়োজন হলে দ্রুত পদক্ষেপ নেয়া হবে।

জয়শঙ্কর জানিয়েছেন, বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে তার কথা হয়েছে। বাংলাদেশে প্রায় ১০ হাজার ভারতীয় ছাত্রছাত্রী রয়েছেন। তাদের নিরাপত্তার বিষয়ে কথা বলেছেন জয়শঙ্কর। তার পরেই সিদ্ধান্ত নেয়া হয়েছে, আপাতত তাদের বাংলাদেশ থেকে সরিয়ে আনা হবে না। তবে ভারত যেকোনো পরিস্থিতির জন্য প্রস্তুত থাকবে। প্রয়োজন হলে দ্রুততই যাতে বাংলাদেশ থেকে ভারতীয়দের সরিয়ে আনা যায়, সেই বন্দোবস্ত করা হচ্ছে। বাংলাদেশ সীমান্ত পরিস্থিতির দিকেও নজর রয়েছে ভারতের। তবে জয়শঙ্কর সর্বদলীয় বৈঠকে জানিয়েছেন, সীমান্ত পরিস্থিতি 'তেমন গুরুতর নয়'। তিনি বলেছেন, যে পরিস্থিতি বাংলাদেশে তৈরি হয়েছে, তার দিকে আমরা নজর রাখছি। সঠিক সময় এলে ভারত সরকার সঠিক পদক্ষেপ নেবে।

# এক্ষেত্রে ভারত বিশ্বের প্রথম তিনটি দেশের মধ্যে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বৈদ্যুতিন পণ্য রপ্তানীর প্রশ্নে ভারতের অগ্রগতিতে খুশি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এক্ষেত্রে ভারত বিশ্বের প্রথম তিনটি দেশের মধ্যে এসে গেছে। উদ্ভাবনের ক্ষেত্রে অত্যন্ত দক্ষ ভারতের যুবশক্তি এই সাফল্যের দাবিদার বলে শ্রী মোদী মনে করেন। তিনি আরও বলেন, আগামীদিনেও অগ্রগতির এই ধারা বজায় রাখতে ভারত দায়বদ্ধ।

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব এক্স পোস্টে জানান যে, বৈদ্যুতিন পণ্য রপ্তানীর ক্ষেত্রে ভারত এখন বিশ্বের প্রথম তিনটি দেশের মধ্যে এসে গেছে। এদেশ থেকে অ্যাপল আইফোন রপ্তানীর পরিমাণ রত্ন ও অলঙ্কার খাতকেও ছাপিয়ে গেছে এবং এই বিপুল প্রসারের সুবাদে ২০২৪-২৫ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকের হিসাব অনুযায়ী বৈদ্যুতিন পণ্য রপ্তানীর প্রশ্নে ভারত প্রথম ১০টি দেশের তালিকায় এসেছে ৩ নম্বরে। এর প্রতিক্রিয়ায় শ্রী মোদী বলেন;

"বিষয়টি সত্যিই খুব আনন্দের। বৈদ্যুতিন ক্ষেত্রে ভারতের সক্ষমতার মূল স্তম্ভ দেশের উদ্ভাবনশীল যুবশক্তি। @makeinindia কর্মসূচি এবং সংস্কারের ক্ষেত্রে আমাদের অগ্রাধিকারকেও বিষয়টি মান্যতা দেয়।

আগামীদিনেও অগ্রগতির এই ধারা বজায় রাখতে ভারত দায়বদ্ধ।"

# বাংলাদেশের গোয়েন্দারা বলছেন অন্য কথা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অগ্নিগর্ভ হয়ে উঠেছিল বাংলাদেশ। ক্রমশ তা এমন একটা জায়গায় পৌঁছয় যে শেষপর্যন্ত দেশ ছেড়ে ভারতে চলে যেতে বাধ্য হন শেখ হাসিনা। সেখানে থেকে এখন তিনি কোথায় যাবেন তা এখনও নিশ্চিত করে বলা যাচ্ছে না। তবে কোটা আন্দোলনকে কেন্দ্র করে খুনোখুনি যে যায়গায় পৌঁছে গিয়েছিল তার পেছনে অন্য কারও হাত ছিল মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। এদিকে, হাসিনার ব্রিটেনে আশ্রয় নেওয়ার ব্যাপারটিও এখন বিশবাঁও জলে। হাসিনা যে ভাবে সেখানে আশ্রয় পাওয়ার চেষ্টা করছেন তা প্রায় অসম্ভব বলেই মনে করা হচ্ছে। হাসিনার বোন রেহানা লেবার পার্টির এমপি। তারপরেও হালে পানি পাচ্ছেন না বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী। কোনও কোনও মহলের খবর ইউরোপের কোনও দেশে আশ্রয় নেওয়ার চেষ্টা করছেন শেখ হাসিনা। ইঙ্গিত ছিল মূলত জামাতের দিকে। তবে বাংলাদেশের গোয়েন্দারা বলছেন অন্য কথা। বাংলাদেশের গোয়েন্দাদের দাবি, বাংলাদেশে গন্ডগোল ও শেখ হাসিনার দেশ ছাড়ার পেছনে রয়েছে পাকিস্তানের গোয়েন্দা সংস্থা আইএসআই। পরিকল্পনা হয় লন্ডনে। বাংলাদেশের গোয়েন্দারা দাবি করেছেন, সৌদি আরবে বসে আইএসআইয়ের সঙ্গে গোটা ঘটনার পরিকল্পনা করেছেন বিএনপির প্রধান ও খালেদা জিয়ার ছেলে তারেক রহমান। সূত্রের খবর, পাকিস্তান সেনা ও আইএসআইয়ের পরিকল্পনা ছিল শেখ হাসিনা সরকারকে উতখাত করা ও পকিস্তানপন্থী বিএনপিকে ক্ষমতায় বসানো। অন্যদিকে, আইএসআইকে মদত দিয়ে বাংলাদেশে গোলমাল করার ব্যাপারে মদত দিয়েছেচিন। সরকারি চাকরিতে যে কোটা নিয়ে আন্দোলন শুরু হয়েছিল। তা কীভাবে এমন রক্তক্ষয়ী সরকার বিরোধী আন্দোলনের রূপ নিল তা নিয়ে ভিন্ন মত রয়েছে রাজনৈতিক বিশ্লেষকদের। কেউ বলছেন শেখ হাসিনার একগুঁয়েমিপনা, তাঁর ঔদ্ধত্য এই জায়গায় পৌঁছে দিয়েছে। অন্য একটি মহলের দাবি, আন্দোলন এতটা রক্তক্ষয়ী হওয়ার পেছনে রয়েছে জামাতের হাত।

বাংলাদেশের গোয়েন্দারা মনে করছেন জামাতের ছাত্র সংগঠন ইসলামি ছাত্র শিবিরের পেছনে আইএসআইয়ের হাত ছিল। তাদের পরিকল্পনাতেই আওয়াজ ওঠে হাসিনাকে উতখাত করে পাকিস্তান ও চিন পন্থী কোনও দলকে ক্ষমতায় আনা। জামাত ই ইসলামির ভারত বিরোধিতাই আন্দোলনকে আরও হাসিনা বিরোধী করে তোলে।

# শেখ হাসিনা সরকারের গদি ওল্টাতেই সোমবার রাত থেকে দেশজুড়ে হিন্দু নির্যাতন যজ্ঞ শুরু হয়েছে

**ঢাকা: নিউজ সারাদিন :** শেখ হাসিনা সরকারের গদি ওল্টাতেই সোমবার রাত থেকে দেশজুড়ে হিন্দু নির্যাতন যজ্ঞ শুরু হয়েছে। সেনাবাহিনীর মদতে বিএনপি ও জামায়াত সন্ত্রাসীরা খুলনা, বাগেরহাট, নোয়াখালী-সহ একাধিক জায়গায় হিন্দুদের বাড়িঘর দখল করার পাশাপাশি মন্দির ভাঙচুর শুরু করে দিয়েছে। বাগেরহাটে কুপিয়ে খুন করা হয়েছে মৃণালকান্তি চট্টোপাধ্যায় নামে এক হিন্দু শিক্ষককে। দেশ জুড়ে চলা হিন্দু নিধন যজ্ঞ নিয়ে কোনও খবর প্রকাশ না করার জন্য সংবাদমাধ্যমকে সতর্ক করে দিয়েছে। ফলে হিন্দুদের উপরে নির্যাতন নিয়ে প্রকৃত তথ্য জানা সম্ভব হচ্ছে না। গতকাল সোমবার গভীর রাতে বাগেরহাট সদর উপজেলার রাখালগাছি ইউনিয়নের ছোট পাইকপাড়া গ্রামে মৃণাল চট্টোপাধ্যায়ের বাড়িতে হানা দেয় বিএনপি ও জামায়াত সন্ত্রাসীরা। প্রথমে মারধর করা হয় তাঁকে। তার পরে নির্মমভাবে কোপানো হয়। বাধা দিতে গিয়ে মারধরের শিকার হন মৃণালবাবুর স্ত্রী শেফালি চট্টোপাধ্যায় ও মেয়ে ঝুমা চট্টোপাধ্যায়। ঘটনাস্থলেই প্রাণ হারান মৃণালবাবু। গুরুতর জখম অবস্থায় বাগেরহাট জেলা হাসপাতালে ভর্তি শেফালি দেবী ও তাঁর মেয়ে।রেহাই পাননি তাঁর স্ত্রী (শেফালি চট্টোপাধ্যায়) ও মেয়ে ঝুমা চট্টোপাধ্যায় (৩৫)। দুজনেই বাগেরহাট জেলা হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ সূত্রে জানা গিয়েছে, গতকাল সোমবার বিকেল থেকেই দেশ জুড়ে হিন্দু-সহ সংখ্যালঘুদের নিশানা করে হামলা শুরু করেছে বিএনপি ও জামায়েত সন্ত্রাসীরা। ঢাকার শাঁখারিবাজার, নাটোর, নারায়ণগঞ্জ-সহ একাধিক এলাকায় হিন্দুদের বাড়ি-বাড়ি গিয়ে দেশ ছাড়ার নিদান দেওয়া হয়েছে। সেই সঙ্গে হিন্দু মেয়েদের শ্লীলতাহানির চেষ্টাও চালানো হয়েছে। মেহেরপুরে ইসকন মন্দিরে ভাঙচুর চালানো হয়। হামলাকারীদের হাত থেকে কোনও ক্রমে প্রাণ নিয়ে পালাতে পেরেছেন তিন আশ্রমিক। খুলনার দাকোপ, বটিয়াঘাট, ডুমুরিয়া এবং ফুলতলাতেও একাধিক হিন্দু বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালানো হয়েছে। সাতক্ষীরা শহরে আওয়ামী লীগ নেতা সুব্রত ঘোষ, তালা উপজেলা আওয়ামী লীগের নেতা ঘোষ সনৎ কুমার, প্রণব ঘোষ, বিশ্বজিৎ সাধু, শ্যামনগরের অসিম কুমার মৃধা, উৎপল মণ্ডল, মলয় মণ্ডল, আশাশুনির রাজেশ্বর দাসের বাড়ি-ঘর ভাঙচুর করার পাশাপাশি আগুন লাগিয়ে দেওয়া হয়।

২ পাতার পর

# প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র নিজেই এখন রোগী

ই রোগীর চিকিৎসা করে ঔষধ দেন "। মাদক দ্রব্য বর্জন ও বাল্য বিবাহ প্রতিরোধ এর দেশব্যাপী আন্দোলনকারী সমাজকর্মী কল্যাণী পালুই এই প্রসঙ্গে বলেন,"তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র আমাদের লজ্জা। আগে দিনের বেলাতে তো বটেই রাতের দিকেও চিকিৎসক, নার্স থাকতেন। চিকিৎসা পরিষেবা সব সময়ই পাওয়া যেত।এখন চিকিৎসক , নার্স, ঔষধ পাওয়া যায় না। দিনের বেলায় চিকিৎসক এর অভাবে যদিও কম্পাউন্ডার চিকিৎসা করে,ঔষধ দেয়। রাতের বেলায় কেউ অসুস্থ হয়ে পড়লে তাকে দূরবর্তী চন্ডিপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র না হয় উলুবেড়িয়া শরৎচন্দ্র মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যেতে হয়।এমন সুস্বাস্থ্য কেন্দ্র রেখে লাভ কি " ? তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে-র এই বেহাল পরিস্থিতির কথা স্বীকার ও করেছেন এই সুস্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য কর্মী পম্পিতা মন্ডল। তিনি বলেন," এই সুস্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা পরিষেবার নানান সমস্যা আছে। এই সুস্বাস্থ্য কেন্দ্র পরিষ্কার না হওয়ার কারণে চারিদিকে বিষাক্ত পার্থেনিয়াম গাছ, আগাছা আর জঙ্গলে ছেয়ে গেছে। যখন তখন বিষাক্ত সাপ, বিছে ও বিষাক্ত কীটপতঙ্গ বের হচ্ছে" ।তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রের বেহাল অবস্থার কথা স্বীকার করেছেন উলুবেড়িয়া ২ নং ব্লকের স্বাস্থ্য আধিকারিক ডাঃ পৌলমী প্রধান। তিনি বলেন," গত এক বছরে এই স্বাস্থ্য কেন্দ্র থেকে ৫ জন চিকিৎসককে তুলে অন্যত্র পাঠিয়ে দেওয়া হয়েছে। এই কারণের জন্য একজন চিকিৎসককে দিয়ে ব্লকে তুলসীবেড়িয়া ও বৃন্দাবনপুর স্বাস্থ্য কেন্দ্র চালাতে হচ্ছে " । তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রে বিষাক্ত পার্থেনিয়াম গাছ, আগাছা আর জঙ্গল প্রসঙ্গে তিনি বলেন, " স্থানীয় তুলসীবেড়িয়া পঞ্চায়েতে এর কর্মকর্তাদের বিষয়টি দেখার জন্য বলা হয়েছে " । তুলসীবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান মহসিন মোল্লা এই প্রসঙ্গে বলেন," খুব শীঘ্রই তুলসীবেড়িয়া প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্র পরিষ্কার করার উদ্যোগ নেওয়া হবে।

# বাংলাদেশের রাজনৈতিক অশান্তি হলেই দেখা যায় ক্ষোভের আগুনে পুড়ছে হিন্দু এলাকা, মন্দির

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** শেখ হাসিনা বিরোধী বিক্ষোভে উত্তাল বাংলাদেশ। বাংলাদেশের প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দিলেন শেখ হাসিনা। সূত্রের খবর, প্রধানমন্ত্রীর বাসভবন গণভবন ছেড়ে চপারে ভারতের উদ্দেশে রওনা দেন হাসিনা ও তাঁর বোন শেখ রেহানা। এমন রাজনৈতিক সংকট কাটাতে নেতাদের সঙ্গে বৈঠকে বসেছেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান। বিশ্লেষকদের মতে, বাংলাদেশের রাজনৈতিক অশান্তি হলেই দেখা যায় ক্ষোভের আগুনে পুড়ছে হিন্দু এলাকা, মন্দির। হামলা হচ্ছে ধর্মীয় সংখ্যালঘুদের উপরে। সেরকম অনভিপ্রেত ঘটনা যাতে না ঘটে তার জন্য শিক্ষার্থীদের আগাম সতর্ক করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। তার পরেই আসিফ নজরুলকে ডাকা হয়েছে সেনার বিশেষ বৈঠকে। তিনি ছাড়াও এই বৈঠকে রয়েছেন জাতীয় পার্টির সিনিয়র কো চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ ও মহাসচিব মুজিবুল হক চুন্নু। বাংলাদেশ সেনার সদর দপ্তরে এই বৈঠক হয় কে এই আসিফ নজরুল? পেশায় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক। গত মাস থেকে শুরু হওয়া কোটা বিরোধী আন্দোলনের অন্যতম মুখ হয়ে ওঠেন তিনি। আন্দোলনের শুরু থেকেই পড়ুয়াদের পক্ষে জোরাল সওয়াল করেছেন। গত শুক্রবারও তাঁকে ছাত্র আন্দোলনের বিক্ষোভ মিছিলে যোগ দিতে দেখা যায়। তবে সোমবার সকালেই তিনি আহ্বান জানান, দেশের পরিস্থিতি যাই হোক না কেন সংখ্যালঘুদের রক্ষা করতে হবে। সেই সঙ্গে বাঁচাতে হবে মন্দিরগুলোকেও।

# বাংলাদেশ সেনাবাহিনীর শীর্ষ পদে ব্যাপক রদবদল হয়েছে

**ঢাকা: নিউজ সারাদিন :** শেখ হাসিনা জমানার অবসানের ২৪ ঘন্টার মধ্যেই বাংলাদেশ সেনাবাহিনীর শীর্ষ পদে ব্যাপক রদবদল হয়েছে। চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান মেজর জেনারেল জিয়াউল আহসানকে। পাশাপাশি কট্টর ভারত বিরোধী ও পাকিস্তানপন্থী হিসাবে পরিচিত আধিকারিকদের গুরুত্বপূর্ণ পদে বসিয়েছেন 'রাজাকার' পরিবারের সন্তান সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান।শেখ হাসিনা ইস্তফা দেওয়ার পরেই নখদাঁত বের করেন পাকিস্তান ঘনিষ্ঠ দুই সেনা আধিকারিক জেনারেল আহম্মদ তাবরেজ শামস চৌধুরী ও লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীম। তাঁদের চাপে ছেড়ে দেওয়া হয় মুক্তিযুদ্ধের সময় হিন্দু নিধনের দায়িত্বে থাকা জামায়াত ইসলামীর প্রাক্তন প্রধান গোলাম আজমের ছেলে। মঙ্গলবার সেনাবাহিনীর জনসংযোগ দফতরের তরফে জানানো হয়েছে, লেফটেন্যান্ট জেনারেল মজিবুর রহমানকে জিওসি আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড হিসাবে দায়িত্ব দেওয়া হয়েছে। সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল হয়েছেন লেফটেন্যান্ট জেনারেল আহম্মদ তাবরেজ শামস চৌধুরী। লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীমকে সেনাবাহিনীর চিফ অব জেনারেল স্টাফ, লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ শাহীনুল হককে কমান্ড্যান্ট এনডিসি এবং মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমানকে এনটিএমসি'র মহাপরিচালক হিসাবে দায়িত্ব দেওয়া হয়েছে।সূত্রের খবর, গত রবিবার রাতে ঢাকার সেনানিবাসে সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান বাহিনীর পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসেন সেনার পদস্থ আধিকারিকরা। ওই বৈঠকেই লেফটেন্যান্ট জেনারেল আহম্মদ তাবরেজ শামস চৌধুরী ও লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীম সরাসরি দাবি করেন, শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করে বন্দি করা হোক। কিন্তু তাতে আপত্তি জানান লেফটেন্যান্ট জেনারেল সাইফুল আলম ও মেজর জেনারেল জিয়াউল হাসান। শেষ পর্যন্ত ঠিক হয়, শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে ইস্তফা দেওয়ার জন্য সময়সীমা বেঁধে দেওয়া হবে। ওই সময়ের মধ্যে তিনি ইস্তফা না দিলে সামরিক অভ্যুত্থান ঘটানো হবে। সোমবার সকাল ১০টায় গণভবনে হাজির হয়ে রবিবার রাতের বৈঠকে নেওয়া প্রস্তাব শেখ হাসিনাকে জানিয়ে দেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২১৫ সংখ্যা ০৭ আগস্ট, ২০২৪ বুধবার ২২ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

### কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ বলেছেন, 370 এবং 35(A) অনুচ্ছেদ বিলোপের মতো রূপান্তরকারী সিদ্ধান্ত জম্মু ও কাশ্মীর এবং লাদাখে তৃণমূল স্তরে গণতন্ত্রকে শক্তিশালী করবে এবং প্রান্তিক শ্রেণীর ক্ষমতায়নে নতুন যুগ নিয়ে আসবে

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ বলেছেন যে, 370 এবং 35(A) অনুচ্ছেদ বিলোপের রূপান্তরকারী সিদ্ধান্ত প্রান্তিক শ্রেণীর ক্ষমতায়নে নতুন যুগ নিয়ে আসবে এবং জম্মু ও কাশ্মীর এবং লাদাখে তৃণমূল স্তরের গণতন্ত্রকে শক্তিশালী করবে। এক্স প্ল্যাটফর্মে একটি পোস্টে শ্রী অমিত শাহ বলেছেন যে,

"আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে 370 এবং 35(A) অনুচ্ছেদের ঐতিহাসিক বিলোপের ৫ বছর পূর্ণ হল। এই রূপান্তরকারী সিদ্ধান্ত প্রান্তিক শ্রেণির ক্ষমতায়নে নতুন যুগ নিয়ে আসবে এবং জম্মু ও কাশ্মীর এবং লাদাখে তৃণমূল স্তরের গণতন্ত্রকে শক্তিশালী করবে। এই অঞ্চলের যুব সমাজ আর্থ-সামাজিক বৃদ্ধি এবং সাংস্কৃতিক পুনর্জাগরণকে চালিত করে মোদী সরকারের শান্তি প্রতিষ্ঠা এবং সার্বিক উন্নয়নের প্রয়াসকে বিপুলভাবে সাফল্যমণ্ডিত করেছে। আমরা এই ঐতিহাসিক সিদ্ধান্তের জন্য মোদীজিকে ধন্যবাদ জ্ঞাপন করি এবং এই অঞ্চলের প্রত্যাশ্যা এবং রূপান্তরকারী অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে আমাদের নিষ্ঠার কথা আবার জানাই।"

## মুনি ঋষিদের বংশধর বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)



তারাপীঠকে চেনা যায়। তারাপীঠের সর্বাধিক প্রসিদ্ধ সাধক হলেন বামাক্ষ্যাপা (১৮৪৩ - ১৯১১ ).তবে পৌরাণিক ইতিহাসের, লোকশ্রুতি বলে দক্ষের যজ্ঞে সতীর প্রাণ বিসর্জনের পর শিবের উন্মাদনা আর বিষ্ণুর সুদর্শণ চক্রের যখন সতীর দেহ খণ্ড খণ্ড হয়ে যায় , ঠিক সেই মুহূর্তে সতীর তৃতীয় নয়ন এই তারাপীঠে পড়ে । ঋষি বশিষ্ঠ এইটি প্রথম দেখেন এবং সতীকে তারা রূপে পূজো করতে থাকেন । কিন্তু তিনি প্রচারের অন্তরালে থেকে গেছেন চিরকাল , তবু পীঠের বৈশিষ্ঠ্য তাঁকে ছেড়ে নয় , এখানেই তাঁর সাধক বৈশিষ্য বিরাজমান ।এই পীঠের বৈশিষ্ঠ্য হল এখানে সাধনা করলে জ্ঞান , আনন্দ ও সিদ্ধি প্রাপ্ত হয় ।কিন্তু কিংবদন্তী বলে প্রথম যখন বশিষ্ঠ দেব এই তারা মায়ের পূজা করতে থাকেন , তখন তিনি অসফল হন ।আর তিব্বতে গিয়ে বিষ্ণু অবতার বুদ্ধের কাছে পরামর্শ নেন । বুদ্ধদেব স্বপনাদেশে জানতে পারেন , তারা সিদ্ধ স্থান হল তারাপীঠ , এবং বুদ্ধদেব বাম মার্গের মদ্যমাংসাদি পঞ্চমাকার সহ তারাদেবীর পূজো করতে নির্দেশ দেন । বুদ্ধদেবের নির্দেশে বশিষ্ঠ বেদ ৩ লক্ষ বার জপ করলে তারামা সন্তুষ্ট হন ।বুদ্ধ যে শিশুশিবকে স্তনপানরত অবস্থায় দেখেছিলেন , সেই রূপ দেখাতে , বশিষ্ট দেব মা কে প্রার্থনা করেন , মা প্রীত হন

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## সংখ্যালঘুদের ওপর হামলায় ইইউ রাষ্ট্রদূতদের গভীর উদ্বেগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মিশনগুলোর রাষ্ট্রদূতেরা সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর উপাসনালয় ও লোকজনের ওপর হামলার খবরে গভীর উদ্বেগ জানিয়েছেন। তারা চলমান ছাত্র আন্দোলনে যুক্তদের পাশাপাশি অন্যরা সংখ্যালঘুদের সুরক্ষার যে উদ্যোগ নিয়েছেন, তাকে স্বাগত জানিয়েছেন। মঙ্গলবার (৬ আগস্ট) বিকেলে ঢাকায় ইইউ দূতাবাস এক্সে (সাবেক টুইটার) এক পোস্টে এ তথ্য জানিয়েছে।

ইইউ দূতাবাসের পোস্টে বলা হয়েছে, 'ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মিশনের রাষ্ট্রদূতেরা সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর উপাসনালয় ও লোকজনের ওপর হামলার খবরে গভীরভাবে উদ্বিগ্ন। আমরা চলমান ছাত্র আন্দোলনে যুক্তদের পাশাপাশি অন্যরা সংখ্যালঘুদের সুরক্ষার যে উদ্যোগ নিয়েছেন, তাকে স্বাগত জানাই।'

ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতেরা বলেছেন, 'আমরা জরুরি ভিত্তিতে সংযত থাকতে, সব ধরনের ধর্মীয় সহিংসতা এড়াতে ও মৌলিক মানবাধিকার সমুন্নত রাখতে সব বাংলাদেশিকে আহ্বান জানাই।'

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

হিন্দু ও মুসলমান উভয় ধর্মের মানুষই কিন্তু বিভিন্ন উপায়ে বাঘ-দেবতা ও বনবিবির পূজা করে। বিশ্বাস আছে যে এদের পূজা করলে জঙ্গলের বাঘ আক্রমণ করে না। সুন্দরবনের মানুষের বাঘের প্রতি ভয়, ভক্তি ও শ্রদ্ধার জন্য বাঘ এইভাবে তাদের ধর্মীয়, সামাজিক, এবং সাংস্কৃতিক জীবনের সঙ্গে অঙ্গাঙ্গিকভাবে আছে।তবে এখন আর মানুষ বাঘের দেখে ততটা ভয় করেনা, বাঘ হত্যা করে চোরাচালানকারীরা বিদেশে বিক্রি করে দিচ্ছে সুন্দরবন থেকে। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## বাংলাদেশের পরিস্থিতি নিয়ে ভারতের পার্লামেন্টকে যা জানালেন জয়শঙ্কর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশে উদ্ভূত রাজনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণ করবে ভারত। পাশাপাশি দেশটি সেনাবাহিনীকে সতর্ক অবস্থানে রাখবে। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর মঙ্গলবার (৬ আগস্ট) পার্লামেন্টে অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে এ কথা বলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। এস জয়শঙ্কর বলেন, এই পুরো সময় জুড়ে আমরা বারবার বোঝানোর চেষ্টা করেছিলাম সংযম রাখার জন্য, আলোচনার মাধ্যমে পরিস্থিতি শান্ত করার জন্য। আমাদের সঙ্গে যোগাযোগ ছিল এরকম সব রাজনৈতিক শক্তির কাছেই এই আর্জিগুলি রেখেছিলাম। তিনি বলেন, কোটা আন্দোলন শুরু হওয়ার পর দফায় দফায় শিক্ষার্থীসহ প্রায় আট হাজার ভারতীয় দেশে ফিরে এসেছেন।

জয়শঙ্কর বলেন, শেখ হাসিনার সঙ্গে ভারত সরকারের কিছু আলোচনা হয়েছে। ভবিষ্যৎ কর্মপন্থা ঠিক করতে ভারত সরকার তাকে কিছুটা সময় দিতে রাজি, তা তাকে জানানো হয়েছে।

জয়শঙ্কর বলেন, সে দেশের (বাংলাদেশ) কোনো কোনো এলাকায় ভারতবিরোধী মনোভাব দেখা গেছে। তবে বাংলাদেশে যারাই সরকারে থাকুক, ভারত সরকার তাদের সঙ্গে কাজ করবে।

এর আগে গতকাল সোমবার সন্ধ্যায় হাসিনা ভারতে এসে পৌঁছান। দিল্লির উপকণ্ঠ গাজিয়াবাদের কাছে হিন্দন বিমানঘাঁটিতে তার সঙ্গে দেখা করেন ভারতের নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। সোমবার রাতেই খবর রটে হাসিনা ভারত থেকে লন্ডনে যাবেন। সোমাবর শেখ হাসিনা দেশ ছাড়ার পর সেনাপ্রধান ওয়াকার উজ জামান জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি দায়িত্বভার গ্রহণ করার ও অন্তবর্তীকালীন সরকার গঠনের ঘোষণা দেন।

## বাংলাদেশের সদ্য প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিসা বাতিল করল আমেরিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশের সদ্য প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিসা বাতিল করল আমেরিকা। বাংলাদেশের বিরোধী শিবিরের সূত্র উদ্ধৃত করে এমনই দাবি করা হচ্ছে। শেখ হাসিনা প্রতি বরাবরই বিরূপ মনোভাব পোষণ করত আমেরিকা। হাসিনার ক্ষমতায় থাকার বিরুদ্ধেই ছিল তারা। শুধু আমেরিকা নয়, পশ্চিমের একাধিক দেশের অবস্থানও আমেরিকার মতোই ছিল।এ দিন সংসদে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর জানিয়েছেন, সোমবার খুব অল্প সময়ের মধ্যেই ভারতে আশ্রয় চেয়ে আবেদন করেছিলেন। বাংলাদেশি কর্তৃপক্ষও হাসিনার বিমানকে ভারতে অবতরণের অনুমতি দেওয়ার জন্য ভারতের সঙ্গে যোগাযোগ করে। এর পরেই নয়াদিল্লির পক্ষ থেকে সবুজ সঙ্কেত দেওয়া হয়। হাসিনা তাঁর পরবর্তী পরিকল্পনা ঠিক করা পর্যন্ত কেন্দ্রীয় সরকার তাঁকে সময় দেবে বলেও জানিয়েছেন জয়শঙ্কর। গতকাল বাংলাদেশ থেকে পালিয়ে এসে ভারতে সাময়িক আশ্রয় নিয়েছেন শেখ হাসিনা। ইউরোপের একাধিক দেশে রাজনৈতিক আশ্রয়ের সম্ভাবনা খতিয়ে দেখছেন তিনি। যদিও যুক্তরাজ্য হাসিনাকে আশ্রয় দিতে নারাজ বলেই বিভিন্ন আন্তর্জাতিক সংবাদমাধ্যমে দাবি করা হয়েছে। যদিও হাসিনার সঙ্গেই ভারতে আশ্রয় নেওয়া তাঁর বোন শেখ রেহানা যুক্তরাজ্যের নাগরিক। তিনি শিগগিরই গ্রেট ব্রিটেনের উদ্দেশে রওনা দিতে পারেন বলে খবর।

সোমবার বাংলাদেশের পরিস্থিতি উত্তাল হয়ে ওঠার পরই কোণঠাসা হাসিনা পদত্যাগ করে ভারতের উদ্দেশে রওনা দেন। বাংলাদেশের সেনাবাহিনী তাঁকে ভারতে পাঠানোর ব্যবস্থা করে। যদিও হাসিনা দেশ ছাড়ার পরই অশান্তির মাত্রা আরও বেড়ে যায় বাংলাদেশে। যা এখন কার্যত নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়েছে।গতকাল শেখ হাসিনা নয়াদিল্লিতে পৌঁছনোর পর তাঁর সঙ্গে দেখা করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং সেনাবাহিনীর শীর্ষ কর্তারা। বাংলাদেশের পদত্যাগী প্রধানমন্ত্রীকে সবরকমের নিরাপত্তা দেওয়ার আশ্বাস দেন তাঁরা। এমন কি, হাসিনার বিমানকে আকাশপথে নিরাপত্তা দিতে রাফাল যুদ্ধবিমানও মোতায়েন করা হয় বলে সূত্রের খবর।

# সিনেমার খবর

## একই বাড়ির বউ হতে যাচ্ছেন জাহ্নবী ও মানুষি!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডে গুঞ্জন শোনা যাচ্ছে একই পরিবারের বৌ হতে চলেছেন বলিউড সুপার স্টার জাহ্নবী কাপুর এবং মানুসি চিল্লার। একজন স্টারকিড আরেকজন সাবেক বিশ্বসুন্দরী।

ভক্ত-অনুরাগদের মধ্যে গুঞ্জন শিখর পাহাড়িয়ার সঙ্গে প্রেম করছেন জাহ্নবী কাপুর। সবখানেই তাদেরকে দেখা যাচ্ছে প্রকাশ্যে হাত ধরে ঘুরতে। তাদের মধ্যকার রসায়নও ভক্তদের মন কেড়েছে।


এদিকে পাহাড়িয়া ব্রাদার্সের আরেকজন বীরও বলিউডের পরিচিত মুখ। সম্প্রতি আম্বানিদের বিয়ের অনুষ্ঠানে যে কজন অভিনেতা ২ কোটির হাতঘড়ি উপহার পেয়েছেন, বীর পাহাড়িয়া সেই তালিকায় রয়েছেন শাহরুখ, সালমান এবং রণবীরদের পাশে।

শোনা যাচ্ছে বীর পাহাড়িয়ার সঙ্গে প্রেমের সম্পর্ক রয়েছে মানুষি চিল্লারের। আম্বানিদের বিয়েতে জাহ্নবী-মানুষী একসঙ্গে পারফর্ম করেছেন। যদিও জাহ্নবী-শিখরের মতো তাদের রসায়ন এখনো চোখে পড়েনি সবার। তবে সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া এক ভিডিওতে সে ইঙ্গিতই পাওয়া গেছে।

ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা গেছে সমুদ্রে বন্ধুদের সঙ্গে সময় কাটাচ্ছিলেন জাহ্নবী কাপুর। এসময় এক বন্ধু তাদের ছবি তুলছিলো। ভিডিওতে এক কোনে ঘনিষ্ঠ অবস্থায় দেখা যায় মানুষি ও বীর পাহাড়িয়াকে।

এসময় ভিডিওতে দেখা যায় অভিনেত্রী বীরের কাঁধে মাথা রেখে গল্প করছেন। আর সেই ভিডিও ভাইরাল হলে বলিউডে নতুন করে গুঞ্জন ওঠে তাহলে কি একই বাড়ির বউ হতে চলেছেন জাহ্নবী ও মানুষি? উল্লেখ্য, মুম্বাইয়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী সুশীলকুমার শিন্ডের নাতি শিখর এবং বীর।

## বিচ্ছেদ ও লিভ-ইন সম্পর্ক নিয়ে মুখ খুললেন অর্জুন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০১৮ সালে স্ত্রী মেহের জেসিয়ার সঙ্গে ২০ বছরের সংসার জীবনের ইতি টানেন বলিউড অভিনেতা অর্জুন রামপাল। এ সংসারে মাহিকা রামপাল এবং মায়রা রামপাল নামে দুই কন্যা সন্তান রয়েছে তাদের। মেহেরের সঙ্গে বিচ্ছেদের পর আর বিয়ে করেননি অর্জুন রামপাল। কিন্তু দক্ষিণ আফ্রিকান মডেল-অভিনেত্রী গ্যাব্রিয়েলা ডেমেট্রিয়াডেসের সঙ্গে লিভ-ইন সম্পর্কে রয়েছেন। তাদের দুটি পুত্রসন্তান রয়েছে।

সম্প্রতি একটি শো'-তে অতিথি হিসেবে উপস্থিত হয়ে বিয়েবিচ্ছেদ ও লিভ-ইন সম্পর্ক নিয়ে মুখ খুলেছেন অর্জুন রামপাল। অভিনেতা বলেন, 'মাত্র ২৪ বছর বয়সে আমি বিয়ে করেছিলাম। আমার মনে হয়, খুব কম বয়সে বিয়ে করেছিলাম। আপনারও বয়স কম, অনেক কিছু শেখা ও অভিজ্ঞতার ব্যাপার আছে। আপনাকেও পরিণত হতে হবে। মেয়েদের তুলনায় ছেলেরা ধীরে ধীরে পরিণত হয়। এটি প্রমাণিত সত্য যে, আমরা বোকা। আপনি যদি সফল বিবাহিত জীবন চান, তবে অপেক্ষা করুন।'

'ওম শান্তি ওম' খ্যাত অভিনেতা মনে করেন, "ছোটবেলার প্রিয় মানুষকে বিয়ে করে কোনো পুরুষকে যদি সুখী হতে দেখি, তবে এটিকেও অলৌকিক ঘটনা মনে করি।" মেহের জেসিয়ার সঙ্গে যখন অর্জুনের বিবাহবিচ্ছেদ হয়, তখন তারা দুই কন্যা সন্তানের বাবা-মা। সেই সময়ের স্মৃতিচারণ করে অর্জুন রামপাল বলেন, 'এটা খুবই কঠিন সময় ছিল। এটা কারো জন্যই সহজ নয়। এটি বাচ্চাদের জন্য আরো কঠিন। বিচ্ছেদের পরপর নিজেকে স্বাধীন মনে হয়। কিন্তু ধীরে ধীরে অস্বস্তিকর এবং একা অনুভব হয়। আপনি আপনার ঘরকে মিস করতে থাকবেন।'

প্রথম সংসার ভাঙার পেছনে অর্জুনেরও দায় ছিল। তা স্বীকার করে এ অভিনেতা বলেন, 'আমি ছোট ছিলাম এবং একটি ভাঙা পরিবার থেকে এসেছি। বিবাহিত জীবনে সফল হইনি। যার ফলে আমাকে পেছন ফিরে তাকাতে হয়েছিল, কি ভুল করেছিলাম তা দেখার চেষ্টা করেছিলাম। কিন্তু কিছু পাইনি। পরে আমি উপলদ্ধি করেছিলাম, কেন ভুলটা হয়েছিল, ভুলগুলো কি ছিল এবং এর দায়গুলো আমি নিয়েছি।'

অর্জুন বিশ্বাস করেন যে, সৃষ্টিকর্তা তাকে দ্বিতীয়বার ভালোবাসার সুযোগ দিয়েছেন। ২০১৮ সাল থেকে গ্যাব্রিয়েলা ডেমেট্রিয়াডেসের সঙ্গে রয়েছেন। কিন্তু বিয়ের মাধ্যমে তারা প্রতিশ্রুতিবদ্ধ নন। এ বিষয়ে অর্জুন রামপাল বলেন, 'আমার ও তার (গ্যাব্রিয়েলা ডেমেট্রিয়াডেস) কাছে বিয়ে কেবল কাগজের শান্তি। আমরা বিবাহিত, এটাতে কোনো সন্দেহ নাই। কিন্তু কখনো কখনো কাগজের টুকরাটা আপনাকে বদলে দিতে পারে। আপনি আইনিভাবে আবদ্ধ। কিন্তু এটি একে অপরের মনোভাব পরিবর্তন করতে পারে না। আমরা মানসিকভাবে বিবাহিত।'

## মা-বাবার বিচ্ছেদ, নারীবাদ নিয়ে ক্ষোভ জানালেন নোরা ফাতেহি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের আলোচিত অভিনেত্রী নোরা ফতেহি। বিভিন্ন জনপ্রিয় গানে কোমর দুলিয়ে দর্শকের হৃদয়ে জায়গা করে নিয়েছেন মরোক্কান বংশোদ্ভুত এই অভিনেত্রী। কয়েক মাস আগে রণবীর আল্লাবাদিয়ার পডকাস্টে উপস্থিত হয়ে নোরা ফাতেহি বলেছিলেন, "আমি নারীবাদে বিশ্বাসী নই। নারীবাদ আমাদের সমাজকে বিপর্যস্ত করেছে।"

তার এই মন্তব্যের পর বিতর্কের মুখে পড়েছিলেন তিনি। বিষয়টি নিয়ে ওই সময়ে জোর চর্চা হলেও মুখে কুলুপ এঁটেছিলেন নোরা।

বিষয়টি নিয়ে এবার ম্যাশেবল ইন্ডিয়াকে সাক্ষাৎকার দিয়েছেন নোরা ফাতেহি। তিনি জানান, "যারা সত্যিকারের নারীবাদী, যারা নারীদের অধিকার নিয়ে সোচ্চার তাদের জন্য এই মন্তব্য নয়। এটি পশ্চিমা বিশ্বের তথাকথিত নারীবাদীদের উদ্দেশ্যে বলেছিলাম।"

নোরা ফাতেহি বলেন, "একটি বিষয় পরিষ্কার করতে চাই, এই সমস্যা কেবল ভারতের নয়। আমরা এখনও সংস্কৃতি ও মূল্যবোধের কদর করি। কিন্তু পশ্চিমা সমাজে, বহু মানুষ আছেন, যারা মনে করেন একাই সব কিছু করা যায়। এমনকি তারা মনে করেন, একাই সন্তানধারণ ও লালনপালন করা যায়। অবশ্যই, আপনি সেটা করতে পারেন। কিন্তু আপনি সেই ধারণাকে উৎসাহ দেবেন কেন? একক পরিবার গড়তে উৎসাহ দেওয়া উচিত নয়।"

নিজের অভিজ্ঞতা উল্লেখ করে নোরা ফাতেহি বলেন, "আমি একটি ডিভোর্স পরিবার থেকে এসেছি। আমার বয়স যখন ১০-১১ বছর, তখন আমার বাবা-মায়ের বিবাহবিচ্ছেদ হয়। সুতরাং সিঙ্গেল মায়ের উপরে কতটা নেতিবাচক প্রভাব পড়ে তা আমি দেখেছি। সন্তান বাবা-মায়ের সঙ্গে বেড়ে উঠুক আমি এই ধারণার পক্ষে।"

ক্ষমা চেয়ে নোরা ফাতেহি বলেন, "আমার মন্তব্যটি বিষয়বস্তুর বাইরে নেওয়া হয়েছে। কেউ যদি আমার মন্তব্যে কষ্ট পেয়ে থাকেন, তবে আমি ক্ষমা প্রার্থনা করছি। উদ্দেশ্যপ্রণোদিতভাবে আমি বক্তব্যটি দিইনি। অভিজ্ঞতার ভিত্তিতে মন্তব্য করেছিলাম। কারণ আমি পশ্চিমা দেশে বেড়ে উঠেছি।"

নোরা ফাতেহি কেবল আইটেম গানেই সীমাবদ্ধ নেই। অভিনয়েও সরব হয়েছেন। চলতি বছরে মুক্তি পেয়েছে তার অভিনীত 'ক্র্যাক'। আদিত্য দত্ত পরিচালিত এ সিনেমার প্রধান চরিত্রের অভিনয় করেন অর্জুন রাম পাল, বিদ্যুৎ জামাল ও নোরা ফাতেহি। তাছাড়াও বেশ ক'টি সিনেমার কাজ তার হাতে রয়েছে।

## মাইকেল জ্যাকসনের যে বিষয়টি নিজের মধ্যে ধারণ করতেন সোনু নিগম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কিংবদন্তী মার্কিন পপ সম্রাট মাইকেল জ্যাকসন বিশ্বের কোটি মানুষের অনুপ্রেরণা হতে পারে, তা বলা বাহুল্য। এখনও বিশ্বের অনেক তাবড় মিউজিশিয়ানরা তাকে অনুসরণ করেন। তার গায়কী ও ভঙ্গি অনুপ্রেরণা যুগিয়েছে বহু সংগীতশিল্পীদের। তাদের একজন ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী সোনু নিগম। ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে মাইকেলকে তার সম্মানের জায়গাটা তুলে ধরেন তিনি। জানান, মাইকেলের একটি ভঙ্গি নিজের মধ্যে ধারণ করেছিলেন সোনু। শুধু তাই নয়, সেই ভঙ্গি তার পেশাদারি কাজেও যোগ করেছিলেন।

সাক্ষাৎকারে সোনু জানান, ২৭ বছর আগের 'পারদেশ' ছবিতে তার গাওয়া একটি গানে এমনভাবেই মাইকেলের যোগসূত্র রয়েছে। সোনুর কথায়, 'গানটির সংগীত পরিচালকদের জোর গলায় গানটি গাইতে পারব বলে জানিয়েছিলাম। কারণ গানটি ছিল ওয়েস্টার্ন ঘেঁষা। তখন মাইকেল জ্যাকসনের গান বিশ্বব্যাপী জনপ্রিয় এবং আমিও সেসব গান শুনতাম। কিন্তু গানের সংলাপের চেয়ে ভাল লাগত মাইকেল জ্যাকসনের গানের সুর। একইসঙ্গে ভাল লাগত তার গাওয়ার ভঙ্গি।'

সোনু আরও বলেন, 'মাইকেল বিশেষ করে গান গাওয়ার ফাঁকে যখন 'আহ' বলে উঠতেন, দারুণ লাগত শুনতে। সেটা মাথায় ছিল। 'ইয়ে দিল দিওয়ানা' গানের রেকর্ডিংয়ের সময় সুযোগ বুঝে সেটা করে দিয়েছিলাম। রেকর্ডিং স্টুডিওতে সেদিন হাজির ছিলেন সুভাষ ঘাই নিজে। আমার এই কাণ্ড দেখে চমকে উঠেছিলেন। তবে তার ভাল লেগেছিল। তাই শেষপর্যন্ত এই গানে আমার 'আহ'টা থেকে যায়। পরে এই বিষয়টির জন্য শ্রোতা-দর্শকের কাছে খুব বাহবা পেয়েছিলাম। কিন্তু এই বিশেষ ছন্দে 'আহ' বলে ওঠা যে মাইকেল জ্যাকসনকে দেখে অনুপ্রাণিত হয়েছিলাম, তা অনেকেই হয়তো জানেন না।'

## ইনজুরির কারণে
# ফুটবল ছেড়ে দিতে চেয়েছিলেন নেইমার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : গত দশকের মাঝামাঝি থেকে লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদোর সাথে সময়ের সেরা ফুটবলার হিসেবে বিবেচিত হত তার নাম।মাঠে জাতীয় দল ও ক্লাবের হয়ে দীর্ঘ সময় দেখিয়ে এসেছেন প্রতিভার ঝলকও। তবে ভয়াল ইনজুরি যে ব্রাজিলিয়ান সেনসেশন নেইমারের ক্যারিয়ারের বাধা হয়ে দাঁড়িয়েছে বারবার। সেই কষ্টে খেলায় ছাড়তে ছেয়েছিলেন এই তারকা।

গত বছর অক্টোবরে ব্রাজিলের হয়ে খেলতে নেমে ইনজুরিতে পড়েছিলেন নেইমার জুনিয়র। যার ফলে গত মৌসুমের প্রায় পুরোটা সময় মাঠের বাইরে কাটাতে হয়েছে এই তারকা ফুটবলারকে। এ ছাড়াও সদ্য শেষ হওয়া কোপা আমেরিকাও স্টেডিয়ামে বসে ব্রাজিলের খেলা দেখতে হয়েছে নেইমারকে।

তবে খারাপ সময়কে পিছনে ফেলে সউদী ক্লাব আল হিলালের সঙ্গে যোগ দিয়েছেন নেইমার। ৩২ বছর বয়সী এই তারকা ইনজুরি থেকে নিজের সেরে ওঠার পুরো প্রক্রিয়া নিয়ে অভিজ্ঞতা লিখে জানান সোশ্যাল মিডিয়া সাইট ইনস্টাগ্রামে। একই সঙ্গে নিজের ধৈর্যের কথাও জানান সেখানে। ফুটবলটাই ছেড়ে দিতে চেয়েছিলেন বলেও জানিয়েছেন তিনি।

নেইমার পোস্টে লিখেছেন, ইনজুরিতে পড়ার পর আমার অনেকগুলো খুবই কঠিন দিন গেছে। এমনও অনেকদিন গেছে, যখন মনে হয়েছে ফুটবল খেলাটাকে আমি ছেড়ে দিই। কারণ, এত কঠিন অবস্থার মধ্যে এগিয়ে যাওয়া সত্যিই অসম্ভব।

কীভাবে এই কঠিন মানসিকতা থেকে বের হওয়া নিয়ে তিনি লিখেছেন, তবে, আমার কাছে একজন যোদ্ধা ছিলেন। যিনি আমি যা চাই তা না পাওয়া পর্যন্ত থামতে দিলেন না। তিনি হলেন আমার সৃষ্টিকর্তা। তিনিই আমার শক্তি আমার সুরক্ষিত দুর্গ। আমরা আগামী দিনেও একই সঙ্গে লড়াই করে যাব।

গত বছর আগস্টে পিএসজি থেকে এসে আল হিলালের সঙ্গে ২ বছরের চুক্তি করেন নেইমার। এরপর সৌদি ক্লাবটির জার্সি গায়ে মাত্র ৫টি ম্যাচ খেলার সুযোগ পান। এরপরই আন্তর্জাতিক ফুটবলের বিরতিতে গিয়ে দীর্ঘ সময়ের জন্য ইনজুরিতে পড়ে যান তিনি।

আল হিলালের কোচ হোর্হে হেসুস সম্প্রতি বলেছেন, 'আমি আশাবাদী, আগামী সেপ্টেম্বর থেকেই নেইমারকে আমরা আমাদের মাঝে পাবো।'

# পানের নতুন বিশ্ব রেকর্ড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ছেলেদের ১০০ মিটার ফ্রিস্টাইল ইভেন্টে নিজেরই গড়া বিশ্ব রেকর্ড ভেঙে স্বর্ণপদক জিতে নিয়েছেন চীনের ঝানলে পান। নতুন বিশ্ব রেকর্ড গড়তে তার সময় লেগেছে ৪৬.৬০ সেকেন্ড।

চলতি বছরের ফেব্রুয়ারিতে দোহায় ৪৬.৮০ সেকেন্ড সময় নিয়ে আগের নিজের বিশ্ব রেকর্ডটি গড়েছিলেন পান। তার পেছনে থেকে রৌপ্যপদক জিতেছেন অস্ট্রেলিয়ার কাইল চালমার্স (৪৭.৪৮ সেকেন্ড)। আর ব্রোঞ্জপদক পেয়েছেন রোমানিয়ার দাভিদ পোপোভিচি।

অন্যদিকে মেয়েদের ১০০ মিটার ফ্রিস্টাইলের বিশ্ব রেকর্ড ধরে রেখেছেন সারা শোস্ট্রম। তবে প্যারিসের লা ডিফেন্সে অ্যারেনায় ফাইনালে ফেভারিট না হলেও স্বর্ণপদক জিতেছেন এ সুইডিশ তারকা। অলিম্পিকে এটি তার দ্বিতীয় সোনা। আট বছর আগে রিও ডি জেনিরোতে ১০০ মিটার বাটারফ্লাইয়ে সেরা হয়েছিলেন তিনি। বুধবার রাতে শোস্ট্রম সময় নিয়েছেন ৫২.১৬ সেকেন্ড। রৌপ্য পেয়েছেন যুক্তরাষ্ট্রের তোরি হুসকে (৫২.১৬ সেকেন্ড)। বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন হংকংয়ের শোভান হহি পেয়েছেন ব্রোঞ্জপদক (৫২.৩৩ সেকেন্ড)।

# কোপা আমেরিকার সেরা একাদশে মেসিদের আধিপত্য



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : পর্দা নামার দুই সপ্তাহ পর কোপা আমেরিকার সেরা একাদশ ঘোষণা করেছে কনমেবল। যেখানে আধিপত্য চ্যাম্পিয়ন আর্জেন্টিনার। চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলের মাত্র একজন জায়গা পেয়েছেন দলে।

কোপা আমেরিকার ৪৮তম আসরে অংশ নিয়েছিল মোট ১৬ দল। ১৪ জুলাই আর্জেন্টিনা-কলম্বিয়া ফাইনাল দিয়ে পর্দা নামে ২০ জুন থেকে শুরু হওয়া টুর্নামেন্টের। যেখানে ১-০ গোলের জয়ে শিরোপা দখলে নিয়েছিল মেসিরা। পর্দা নামার দুই সপ্তাহ পর আসরের সেরা একাদশ বাছাই করেছে আয়োজকরা। ফাইনাল খেলা আর্জেন্টিনার ৫ জন সেরা একাদশে জায়গা পেলেও কলম্বিয়ার পেয়েছেন মাত্র দুই জন। এছাড়া ব্রাজিল, কানাডা, উরুগুয়ে ও ইকুয়েডরের আছেন একজন করে।

দুর্দান্তে পারফরম্যান্সে সেরা একাদশের গোলরক্ষক হিসেবে জায়গা করে নিয়েছেন আর্জেন্টিনার এমিলিয়ানো মার্টিনেজ। পুরো টুর্নামেন্টে মাত্র একটি গোল হজম করেছেন তিনি। আসরের সেরা গোলরক্ষকও নির্বাচিত হয়েছিলেন তিনি। রক্ষণে জায়গা করে নিয়েছেন কলম্বিয়ার ডেভিনসন সানচেজ, ইকুয়েডরের পিয়েরো হিনকাপি, কানাডার অ্যালিস্টার জনস্টন ও আর্জেন্টিনার ক্রিস্টিয়ান রোমেরো।

মাঝমাঠে সুযোগ পেয়েছেন ১ গোল ও ৬ অ্যাসিস্ট করে টুর্নামেন্ট সেরা খেলোয়াড় নির্বাচিত হওয়া কলম্বিয়ার হামেস রদ্রিগেজ। মাঝমাঠে তার বাকি দুই সঙ্গী উরুগুয়ের ম্যানুয়েল উগার্তে ও আর্জেন্টিনার রদ্রিগো ডি পল। আক্রমণভাগে আর্জেন্টিনার লিওনেল মেসি, লাউতারো মার্টিনেজর সঙ্গী ব্রাজিলের রাফিনিয়া।

২০২৪ কোপা আমেরিকার সেরা একাদশ:

এমিলিয়ানো মার্টিনেজ (আর্জেন্টিনা), অ্যালিস্টার জনস্টন (কানাডা), ডেভিনসন সানচেজ (কলম্বিয়া), ক্রিস্টিয়ান রোমেরো (আর্জেন্টিনা), পিয়েরো হিনকাপি (একুয়েডর), হামেস রদ্রিগেজ (কলম্বিয়া), ম্যানুয়েল উগার্তে (উরুগুয়ে), রদ্রিগো দি পল (আর্জেন্টিনা), রাফিনিয়া (ব্রাজিল), লাউতারো মার্তিনেজ (আর্জেন্টিনা), লিওনেল মেসি (আর্জেন্টিনা)।

# গৌতম ভাই 'গম্ভীর' নয় : রোহিত



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বিশ্বকাপ শেষ। সে সব নিয়ে ভাবতে চাইছেন না ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা। টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পরে বিশ্রাম নিয়েছেন। শ্রীলঙ্কার বিরুদ্ধে ওয়ানডে সিরিজে আবার ফিরেছেন রোহিত। এবার সামনের দিকে এগোতে চান।

রাহুল দ্রাবিড়ের পরে দলের নতুন কোচ হয়েছেন গৌতম গম্ভীর। এখন থেকেই তার সঙ্গে আগামী দিনের পরিকল্পনা শুরু করেছেন তিনি। ভারতের বাকি সব কোচের থেকে গম্ভীর আলাদা, এমনটাই মনে করেন রোহিত।

শ্রীলঙ্কার বিরুদ্ধে ওয়ানডে ম্যাচের আগে সংবাদ সম্মেলনে রোহিতকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জয় নিয়ে প্রশ্ন করা হয়। জবাবে রোহিত বলেন, বিশ্বকাপ জিতে দেশে ফেরার অনুভূতি আলাদা। দিল্লি ও মুম্বাইয়ে যা সংবর্ধনা পেয়েছি, তা ভুলব না। কিন্তু এবার বিশ্বকাপ থেকে আমাদের বেরোতে হবে। আর সে সব ভাবলে চলবে না। সামনের দিকে এগোতে হবে। ক্রিকেট এগিয়ে চলেছে। আমাদেরও তাল মিলিয়ে এগোতে হবে।

সামনের বছর চ্যাম্পিয়ন্স ট্রফি রয়েছে। রোহিতের কাছে অধিনায়ক হিসেবে আরও একটি আইসিসি ট্রফি জেতার সুযোগ রয়েছে। সেই বিষয়ে এখন থেকেই ভাবছেন তিনি। রোহিত বলেন, টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ। এবার আমাদের ভাবতে হবে সামনে কী আছে। সামনেও বড় প্রতিযোগিতা আছে। সেখানে ভালো খেলতে হবে। যে মানসিকতা নিয়ে আমরা খেলছি সেই মানসিকতা নিয়েই খেলব।

ভারতের কোচিংয়ে সম্পূর্ণ অন্য ঘরানা নিয়ে এসেছে বোর্ড। দ্রাবিড় অনেক বেশি শান্ত। অল্প কথার মানুষ ছিলেন। গম্ভীর তা নন। তিনি আগ্রাসী। দলের মধ্যেও সেই মানসিকতা দেখতে চান। গম্ভীরকে বাকি কোচেদের থেকে আলাদা বলেই মনে করেন রোহিত।

ভারত অধিনায়ক বলেন, গৌতি ভাই নিজে অনেক দিন খেলেছেন। ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটেও যুক্ত ছিলেন। তাই উনি অন্যদের থেকে আলাদাভাবে কোচিং করাবেন, সেটাই স্বাভাবিক। প্রত্যেকের কাজ করার ধরন আলাদা। গৌতি ভাইয়ের সঙ্গে আমিও কিছু দিন খেলেছি। উনি দলের কাছে কী চান, সে বিষয়ে তার স্পষ্ট ধারণা আছে। গম্ভীরের সঙ্গে ইতিমধ্যেই আলোচনা শুরু করে দিয়েছেন রোহিত। ভবিষ্যতের রূপরেখা তৈরি করছেন তারা। রোহিত বলেন, আমাদের কথা হয়েছে। সামনের দিনে আমরা কীভাবে খেলতে চাই, দলের কোথায় কোথায় উন্নতির প্রয়োজন সে সব নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু এখনই খুব বেশি সামনের কথা ভাবছি না। আগে শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজের কথা ভাবছি। একটা করে সিরিজ ধরে এগোতে চাই।

খুব একটা হাসেন না বলে সমালোচনা হয় গম্ভীরকে নিয়ে। সব সময় গম্ভীর দেখায় তাকে। কিন্তু রোহিত তাকে অন্যভাবে দেখেছেন। তিনি বলেন, সকলে ভাবেন গৌতি ভাই সারাক্ষণ গম্ভীর থাকেন, তা নয়। উনি অনেক মজা করেন। তবে কারও ব্যক্তিগত পরিসরে নাক গলান না। কেউ তার ব্যক্তিগত পরিসরে নাক গলাক, সেটাও পছন্দ করেন না। সকলে তো এক রকম হয় না। আমরা চাই দেশের সাফল্য। সেই লক্ষ্যেই আমরা এগোব।

প্রতিটি সিরিজে একটু একটু করে উন্নতি করতে চান রোহিত। তার জন্য প্রতিটি সিরিজ জিততে চান তিনি। ভারত অধিনায়ক বলেন, আমরা ভবিষ্যতের কথা ভাবলেও প্রতিটা সিরিজকে সমান গুরুত্ব দিয়ে দেখছি। প্রতিটা সিরিজ থেকে কিছুটা হলেও উন্নতি করার চেষ্টা করছি। তার জন্য প্রতিটা সিরিজ জিততে হবে। শ্রীলঙ্কা দিয়েই তার শুরুটা করতে চাই। প্রতিটা আন্তর্জাতিক ম্যাচ সমান গুরুত্বপূর্ণ। দলের সকলকে সেটা বলেছি। একটা দল হিসাবে খেলব আমরা।

## লা লিগায় যে নিয়মে
# পরিবর্তন আসছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ফাউলের বাঁশি হোক বা কার্ড প্রদর্শন, রেফারি যেকোনো সিদ্ধান্ত দিলেই চারপাশ থেকে খেলোয়াড়রা এসে তাকে ঘিরে ধরেন। অনেক সময় সিদ্ধান্তের বিরোধীতা করতে সবাই ছুটে আসেন তার কাছে। রেফারিকে মানসিক চাপ দেওয়ার এমন দৃশ্য ফুটবলে নিয়মিত দৃশ্য। এমন পরিস্থিতি এড়াতে নতুন এক নিয়ম চালু করতে যাচ্ছে লা লিগা। স্প্যানিশ রেফারিদের সভায় সিদ্ধান্ত হয়েছে, লা লিগায় খেলার মধ্যে রেফারিকে ঘিরে ধরার সুযোগ দেওয়া হবে না। রেফারির সিদ্ধান্ত নিয়ে কথা বলতে পারবেন শুধু অধিনায়ক। কেউ নিয়ম না মানলে হলুদ কার্ড দেখানো হবে। এই নিয়ম চালু হতে যাচ্ছে ১৫ আগস্ট শুরু হতে যাওয়া লা লিগায়।

মার্কার এক প্রতিবেদনে বলা হয়েছে, লা লিগায় রেফারির সিদ্ধান্তে নাখোশ হওয়া দলের পক্ষ থেকে শুধু অধিনায়কই রেফারিকে জিজ্ঞেস করতে পারবেন। কোনো দলের নেতৃত্বের বাহুবন্ধনী যদি গোলকিপারের হাতে থাকে, তিনি রেফারির সঙ্গে কথা বলার জন্য একজনকে মনোনীত করবেন। নিয়ম লঙ্ঘন করে অন্য খেলোয়াড়েরা এসে রেফারিকে চাপে ফেলার চেষ্টা করলে হলুদ কার্ড দেখানোর সুযোগ থাকবে।

এর আগে গত জুনজুলাইয়ে ইউরো চ্যাম্পিয়নশিপেই এই নিয়মের বাস্তবায়ন করেছে উয়েফা। গত সপ্তাহে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো জানান, প্যারিস অলিম্পিকে রেফারিরা নিজেদের সিদ্ধান্তের ব্যাখ্যা শুধু অধিনায়ককেই দেবেন।

## ৫ শহরের ১৫ স্টেডিয়ামে
# বিশ্বকাপ আয়োজন করবে সৌদি আরব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ২০৩৪ বিশ্বকাপ সৌদি আরবে হবে, সেটা অনেক আগেই নিশ্চিত হয়েছে। এবার জানা গেল বিশ্বকাপের ম্যাচ কোন শহরে এবং কোন স্টেডিয়ামে হবে।

সৌদি আরবের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, পাঁচটি শহরের ১৫টি স্টেডিয়ামে ম্যাচগুলো হবে।

বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে সবচেয়ে বেশি দল অংশ নেবে সৌদিতে, ৪৮টি দল। দল বৃদ্ধি পাওয়ায় দর্শকদের সমাগমও বাড়বে তা না বললেও চলে। সেটা মাথায় রেখেই স্টেডিয়ামের দর্শক আসন কমপক্ষে ৪০ হাজারের কথা বলা হয়েছে। সেই চাহিদা পূরণ করতেই ইতিমধ্যে কাজও শুরু করে দিয়েছে সৌদি আরব।

বর্তমানে সৌদির হাতে ৪০ হাজার দর্শকাসনের দুটি স্টেডিয়াম আছে। দুটি স্টেডিয়াম হচ্ছে জেদ্দার কিং আবদুল্লাহ ও রিয়াদের কিং ফাহাদ স্টেডিয়াম। কিং ফাহাদ স্টেডিয়ামকে নতুন করে আবার ঢেলে সাজানো হচ্ছে।

সৌদির প্রস্তাবিত পাঁচ শহর হচ্ছে রিয়াদ, জেদ্দা, আল খোবার, আবহা ও নতুন শহর নিওম। এর মধ্যে রাজধানী রিয়াদেই ৮ স্টেডিয়াম থাকবে।

রিয়াদে নির্মাণের অপেক্ষায় থাকা ৯২ হাজার আসনের কিং সালমান স্টেডিয়ামে বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল ম্যাচ হবে। স্টেডিয়াম প্রস্তুত করতে যথেষ্ট সময় পাচ্ছে সৌদি। ২০৩৪ সালে রিয়াদেই আবার এশিয়ান গেমসও আয়োজন করবে সৌদি।

## একদিনে দুই স্বর্ণ
# জিতে মারশাঁর ইতিহাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : প্যারিস অলিম্পিকে একদিনে দুটি রেকর্ড গড়ে দুটি স্বর্ণপদক জিতেছেন ফ্রান্সের লিও মারশাঁ। ২০০ মিটার বাটারফ্লাইয়ের স্বর্ণপদক জয়ের দুই ঘণ্টা পরই ব্রেস্টস্ট্রোকের স্বর্ণ জেতেন ফরাসি এই ক্রীড়াবিদ। এর আগে, ৪০০ মিটার ব্যক্তিগত মিডলে স্বর্ণ জেতেন মারশাঁ। ফলে এবারের অলিম্পিকে তৃতীয় স্বর্ণপদক জিতলেন তিনি।

ব্রেস্টস্ট্রোকে নতুন অলিম্পিক রেকর্ড গড়তে ২ মিনিট ৫ দশমিক ৮৫ সেকেন্ড সময় নেন ২২ বছর বয়সী মারশাঁ। অন্যদিকে ০ দশমিক ৯৪ সেকেন্ড পিছনে থেকে রৌপ্য জেতেন অস্ট্রেলিয়ার জ্যাক স্টাবলেটি-কুক। এ ছাড়া নেদারল্যান্ডসের কাসপার কোরবু ব্রোঞ্জ পেয়েছেন।

পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন মারশাঁ অলিম্পিকের আগে বিশ্ব সাঁতারে খুব বেশি পরিচিত ছিলেন না। তবে মাত্র এক সপ্তাহের ব্যবধানে তিনটি স্বর্ণ জিতে এখন ফ্রান্সের জাতীয় নায়কে পরিণত হয়েছেন।

বিরল এই কৃতির পর মারশাঁর ভাষ্য, 'এখানে আসার পর থেকেই নিজেকে অন্যভাবে প্রমাণের একটা তাগিদ ছিল। দেশের মাটিতে অলিম্পিক, এখানে ভালো কিছু করতেই হবে, এমন আশা ছিল। ডাবল রেকর্ড গড়ে আমি কিছুটা হলেও সেই আশা পূরণ করেছি। সবাই আমাকে বলেছিল, এটা কোনভাবেই সম্ভব নয়। আমার মনের মধ্যেও শঙ্কা ছিল। আমি শুধু প্রত্যাশা পূরণের চেষ্টা করেছি। সত্যিকার অর্থেই আমি ওই দুটি ফাইনালের প্রতিটি মুহূর্ত দারুণ উপভোগ করেছি।'

এর আগে, ছেলেদের ৪০০ মিটার মেডলিতে বিশ্বরেকর্ড গড়ে স্বর্ণপদক জেতেন মারশাঁ। এ রেকর্ড গড়ার পথে ২০০৮ বেইজিং অলিম্পিকে গড়া মাইকেল ফেলপসের রেকর্ড ভাঙেন মারশাঁ। গ্যালারিতে বসেই মারশাঁর কীর্তি দেখেন ফেলপস।

প্যারিসে একাধিক রেকর্ড গড়লেও বেশ কয়েক বছর ধরেই নিজের সামর্থ্যের প্রমাণ দিচ্ছেন মারশাঁ। ২০২২ ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে ২০০ মিটার ও ৪০০ মিটার মেডলিতে স্বর্ণ এবং ২০০ মিটার বাটারফ্লাইয়ে রৌপ্য পেয়েছিলেন তিনি। ২০২৩ সালে ২০০ মিটার ও ৪০০ মিটার মেডলি এবং ২০০ মিটার বাটারফ্লাইয়ে স্বর্ণ জেতেন।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR